কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারক নম্বর: ১২.০১.০০০০.১১৩.৯৯.০৫৩.২১.৩০৪ তারিখ: ২০ আষাঢ় ১৪২৯
০৪ জুলাই ২০২২

বিষয়: **সরকারি সম্পত্তি রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের আইন অধিশাখার স্মারক নং-২০৪ তারিখঃ ২৮/০৬/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় স্মারক পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তর/সংস্থার সরকারি সম্পত্তি উদ্ধার এবং গুরুত্বপূর্ণ মামলা সংক্রান্ত গঠিত টাস্কফোর্সের ৭০ তম সভা গত ১৪ জুন ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। সভায় বেহাত/বেদখল জমি উদ্ধার, রক্ষণাবেক্ষণ, মামলা পরিচালনা সংক্রান্ত দপ্তর/সংস্থার অনুকূলে নির্দেশনা জারির সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তসমূহ নিম্নোক্তভাবে প্রতিপালন করার জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

(১) দপ্তর/সংস্থার সরকারি সম্পত্তি দখলে থাকা সত্বেও যদি জমি অরক্ষিত থাকে তবে জমির চারদিকে দ্রুত সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে।

(২) দপ্তর/সংস্থার বেহাত/বেদখল বা সমস্যাজনিত জমি থাকে তবে সংশ্লিষ্ট জেলার উপপরিচালকগণ /কর্মকর্তাগণ/স্ব স্ব দপ্তরের প্রতিনিধিগণ সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের সাথে পত্র বিনিময়/ব্যক্তিগতভাবে যোগাযোগ রাখতে হবে।

(৩) যদি কোন জমি দখলে না থাকে এবং সেই জমির প্রয়োজনীয় কাগজপত্র বা সরকারি স্বার্থ না থাকে তাহলে উক্ত মামলা থেকে নাম প্রত্যাহারের আইনি প্রক্রিয়ার মাধ্যমে শেষ করতে হবে।

(৪) প্রতিটি জেলার উপপরিচালক বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের সংস্থার জমি-জমা/স্থাবর/অস্থাবর সম্পর্কে সতর্ক দৃষ্টি রাখতে হবে যাতে কেউ ক্ষতি বা দখল করতে না পারে।

(৫) জমি সংক্রান্ত মামলার রায় যদি সরকারের পক্ষে হয় তাহলে দ্রুত জেলা প্রশাসকের সাথে দেখা করে দখলের ব্যবস্থা করতে হবে এবং মামলার রায় সরকারের বিপক্ষে গেলে যথাসময়ে আপীল দায়ের তথা সরকারের স্বার্থ সংরক্ষণে মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সরকারি সম্পত্তি রক্ষার জন্য সর্বশেষ ধাপ পর্যন্ত মোকাবেলা করতে হবে।

(৬) মামলা শুনানীর নির্ধারিত তারিখে একজন উপর্যুক্ত প্রতিনিধি আদালতে উপস্থিত থাকতে হবে।

এমতাবস্থায়, সরকারি তথা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভাগীয় সম্পত্তি রক্ষার্থে আপনার নিয়ন্ত্রণাধীন মাঠ পর্যায়ের জমি তদারকী ও মনিটরিং জোরদার করার জন্য নিম্নোক্ত বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখা আবশ্যক। জমির সঠিক মালিকানা সংরক্ষণে ক্রয় দলিল, সিএস, এসএ, আরএস, বিএস সিটি জরীপ, খতিয়ান, গেজেট সংগ্রহ নামজারী ও ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত বিষয়গুলির উপর গুরুত্বারোপ করা। অধিদপ্তরের মাঠ পর্যায়ের মালিকদের ওয়ারীশগণ বিভিন্ন কৌশলে দখলের বিষয়ে আইনগত পদক্ষেপ করতে সংশ্লিষ্ট সকল অফিস সমূহকে অবহিত করতে অনুরোধ করা হলো।

১৯-৭-২০২২
মোঃ আনোয়ার হোসেন খান
উপপরিচালক
ফোন: +৮৮০২৯১৪০৮৫০
ইমেইল: ddg@dae.gov.bd

বিতরণ :

১) অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ

স্মারক নং- ৫৯৪ তারিখঃ ২১.০৭.২০২২খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থে :-

১. অধ্যক্ষ, এটিআই, দৌলতপুর, খুলনা।
২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ নড়াইল।
৩. উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, দৌলতপুর, খুলনা।
৪. উপপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, মংলা, খুলনা/ভোমরা, সাতক্ষীরা।
৫. নার্সারী তত্ত্বাবধায়ক, হর্টিকালচার সেন্টার, খুলনা টাউন, খুলনা।

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

২১/০৭/২২
মো: ফজলুল হক
অতিরিক্ত পরিচালক

স্মারক নংঃ ৫৭৬(৯) তারিখঃ ২৬/০৭/২০২২

অনুলিপি অবগতি ও জ্ঞাতার্থেঃ-

০১। উপজেলা কৃষি অফিসার, . . . . . . . . . . . . . . .(সকল), বাগেরহাট। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

২৭/৭/২২
উপপরিচালক